গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ
পাটগ্রাম, লালমনিরহাট

তারিখ: ০৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

নোটিস

এ কলেজে অধ্যয়নরত একাদশ, দ্বাদশ, স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) পর্যায়ে ২০২৪-২০২৫ অর্থবছরে সংখ্যালঘু সম্প্রদায়,তফসিলী(হিন্দু)/বৌদ্ধ/খ্রিস্টান/সশস্ত্রবাহিনী/দৃষ্টিপ্রতিবন্ধী/প্রতিবন্ধী(দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/ অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রদানের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের নির্ধারিত উপবৃত্তির আবেদন ফরম আগামি ২৪/০১/২০২৫ হতে ১৩/০৩/২০২৫ তারিখ পর্যন্ত এ কলেজের সাধারণ শাখা থেকে সংগ্রহ এবং পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে কলেজের সাধারণ শাখায় জমা দেয়ার জন্য বলা হলো। উক্ত সময়ের পরে আর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

বিষয়টি অত্যন্ত জরুরি ।

প্রয়োজনীয় কাগজপত্র :

১। পিতা এবং মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
২। জন্ম নিবন্ধন কার্ড/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (শিক্ষার্থীর);
৩। পাসপোর্ট সাইজ ছবি ০২কপি;
৪। পৌর মেয়র/ইউনিয়ন চেয়ারম্যান/কাউন্সিলর/মেম্বার কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের মাসিক আয়ের প্রত্যয়নপত্র এবং
৫। প্রতিবন্ধীতার প্রমানপত্র (শিক্ষার্থী অথবা অভিভাবক যদি থাকে)।

বি. দ্র. : একাদশ, স্নাতক পাস ও স্নাতক সম্মানের ক্ষেত্রে পূর্ববর্তী পরীক্ষায় প্রাপ্ত GPA এবং দ্বাদশ এর ক্ষেত্রে একাদশ ও অন্যান্য শ্রেণি/পর্ব/বর্ষের ক্ষেত্রে কলেজের অভ্যান্তরীণ পরীক্ষার প্রাপ্ত নম্বর/GPA শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

23.01.2025
অধ্যক্ষ
সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ
পাটগ্রাম, লালমনিরহাট

(মো. হাবিবুর রহমান ০১৭১২৬)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ
পাটগ্রাম, লালমনিরহাট
মোবাইল: ০১৭১২-০৭২৯৪২

23.01.'25